

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
সাভার, ঢাকা
www.niyd.gov.bd

স্মারক নং- ৩৪.০৬.২৬৭২.০০০.৩৩.০৫৬.২১ (অংশ-৬)- ৩২৭

তারিখ : ১১ মার্চ, ২০২৬ খ্রিঃ
২৬ ফাল্গুন, ১৪৩২ বঙ্গাব্দ

বিষয়ঃ জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের প্রশিক্ষণ কোর্সের জন্য অনলাইনে আবেদন আহবান।

জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকায় আগামী ১২ এপ্রিল, ২০২৬ তারিখ হতে নিম্নবর্ণিত ০৪(চার) সপ্তাহ মেয়াদি ০৩টি প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হবে।

নং	কোর্সের নাম	মেয়াদ	আবেদন ফি	ভর্তি ফি (ভর্তির সময়)	জামানত ফি (ভর্তির সময়)	শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা
০১	Modern Agriculture and Entrepreneurship Development (3 rd Batch)	০৪(চার) সপ্তাহ	১০০/- + চার্জ (অফেরতযোগ্য)	১০০০/- (অফেরতযোগ্য)	১০০০/- (ফেরতযোগ্য)	কমপক্ষে এইচ.এস.সি/সমমান পাস
০২	Digital Marketing (17 th Batch)	০৪(চার) সপ্তাহ	১০০/- + চার্জ (অফেরতযোগ্য)	১০০০/- (অফেরতযোগ্য)	১০০০/- (ফেরতযোগ্য)	০১। কমপক্ষে এইচ.এস.সি/সমমান পাস ০২। কমপক্ষে ৩ মাসের বেসিক কম্পিউটার কোর্স সম্পন্ন
০৩	Graphics Design and Multimedia (30 th Batch)	০৪(চার) সপ্তাহ	১০০/- + চার্জ (অফেরতযোগ্য)	১০০০/- (অফেরতযোগ্য)	১০০০/- (ফেরতযোগ্য)	০১। কমপক্ষে এইচ.এস.সি/সমমান পাস ০২। কমপক্ষে ৩ মাসের বেসিক কম্পিউটার কোর্স সম্পন্ন

কোর্সে অংশগ্রহণের জন্য উল্লিখিত শর্তানুযায়ী সকল জেলার ১৮ থেকে ৩৫ বছর বয়সি আগ্রহী বেকার যুব ও যুবনারীদের নিকট হতে অনলাইনে আবেদন আহবান করা হচ্ছে। আগ্রহী প্রার্থীগণকে আগামী ০৪ এপ্রিল, ২০২৬ তারিখের মধ্যে <https://admission.univadmin.info> লিংকে প্রবেশ করে আবেদন ফি বাবদ (১০০/- + চার্জ) জমা পূর্বক আবেদন ফর্ম পূরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


অনলাইনে আবেদনের ফরম পূরণের জন্য প্রয়োজনীয় ডকুমেন্টস (সফট কপি):

- (১) শিক্ষাগত যোগ্যতার সনদ;
- (২) এনআইডি;
- (৩) পাসপোর্ট সাইজের ছবি;
- (৪) বেসিক কম্পিউটার কোর্সের সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে);

ইতোপূর্বে জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকায় যারা কোনো কোর্সে অংশগ্রহণ করেছেন, তাদের আবেদন করার প্রয়োজন নেই। একই সাথে বর্তমানে অধ্যয়নরত ছাত্রছাত্রীদেরও আবেদনে নিরুৎসাহিত করা হচ্ছে।

আবেদন পাওয়ার পর চূড়ান্তভাবে নির্বাচিতদের তালিকা ০৭ এপ্রিল, ২০২৬ তারিখ জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের www.niyd.gov.bd ওয়েব সাইটে প্রকাশ করা হবে।

বিঃ দ্রঃ কোর্সটি সম্পূর্ণ আবাসিক। প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ, আবাসন, খাবার খরচ এবং যাতায়াত ভাতা (প্রতিষ্ঠানের নির্ধারিত হারে) সরকারি ব্যয়ে নির্বাহ করা হবে। প্রশিক্ষণার্থী বাছাইয়ের ক্ষেত্রে বাছাই কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত হিসেবে গণ্য হবে।


মোঃ মম্বোয়ার হোসেন
মহাপরিচালক(অ.দা)
জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট।